

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬৯৭

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ২/১০. যে ব্যক্তি সালাত না পড়ে ঘুমিয়ে গেল বা সালাতের কথা ভুলে গেল।

بَابِ مَنْ نَامَ عَنْ الصَّلَاةِ أَقْ نَسِيَهَا

আরবী

حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْب، حَدَّثَنَا يُونُسُ، عَنِ ابْنِ شِهَاب، عَنْ قَلَلَ سَعِيد بْنِ الْمُسَيَّب، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ - صلى الله عليه وسلم - حِينَ قَفَلَ مِنْ غَزْوَةِ خَيْبَرَ فَسَارَ لَيْلَةً حَتَّى إِذَا أَدْرَكَهُ الْكَرَى عَرَّسَ وَقَالَ لِبِلاَلٍ " اكْلاُ لَنَا اللَّيْلَ " . مِنْ غَزْوَةٍ خَيْبَرَ فَسَارَ لَيْلَةً حَتَّى إِذَا أَدْرَكَهُ الْكَرَى عَرَّسَ وَقَالَ لِبِلالٍ " اكْلاُ لَنَا اللَّيْلَ " . فَصَلَى بِلاَلٌ مَا قُدِرَ لَهُ وَنَامَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - وَأَصْحَابُهُ فَلَمَّا تَقَارَبَ الْفَجْرُ اَسْتَنَدَ بِلاَلٌ إِلَى رَاحِلَتِهِ مُوَاجِهَ الْفَجْرِ فَغَلَبَتْ بِلاَلاً عَيْنَاهُ وَهُو مُسْتَنِدٌ إِلَى رَاحِلَتِهِ مُوَاجِهَ الْفَجْرِ فَغَلَبَتْ بِلاَلاً عَيْنَاهُ وَهُو مُسْتَنِدٌ إِلَى رَاحِلَتِهِ مُواجِهَ الْفَجْرِ فَغَلَبَتْ بِلاَلاً عَيْنَاهُ وَهُو مُسْتَنِدٌ إِلَى رَاحِلَتِهِ فَلَمْ يَسْتَبُوظُ بِلاَلٌ وَلاَ أَحَدٌ مِنْ أَصْحَابِهِ حَتَّى ضَرَبَتْهُمُ الشَّمْسُ فَكَانَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - فَقَالَ " أَى الله عليه وسلم - فَقَالَ " أَى الله عليه وسلم - أَوَّلَهُمُ اسْتِيقَاظًا فَفَرَعَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - فَقَالَ " أَى بِلاَلُ " . فَقَالَ بِلاَلٌ أَخَذَ بِنَفْسِي الَّذِي أَخَذَ بِنَفْسِكَ بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولُ اللّهِ . عليه وسلم - وَأَمَرَ بِلاَلاً قَامَ الصَّلاَةَ فَصَلَى بِهِمُ الصَّبْحَ فَلَمَّ قَضَى النَّبِيُّ - صلى الله عليه وسلم - الصَّلاَةَ بِلاَلاً قَامَ الصَّلاَةَ فَصَلَى بِهُمُ الصَّبُحَ فَلَمَّ عَنَى وَجَلَّ قَالَ (وَأَقِمِ الصَّلاَةَ عَلَى الْمَالَو وَكَانَ ابْنُ شِهَابٍ يَقْرَقُهُمَا (لِلذِّكْرَى) . . قَالَ وَكَانَ ابْنُ شِهَابٍ يَقْرَؤُهُمَا (لِلذِّكْرَى) . .

বাংলা

৩/৬৯৭। আবৃ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বারের যুদ্ধ থেকে প্রত্যাবর্তনকালে সারারাত ধরে পথ চলতে থাকেন। অবশেষে তিনি ঘুমে কাতর হয়ে বিশ্রামের জন্য এক স্থানে অবতরণ করেন এবং বিলাল -কে বলেনঃ তুমি আমাদের জন্য রাতের হেফাজত করবে। অতএব বিলাল তার সাধ্যমত সালাত আদায় করতে থাকেন এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীগণ ঘুমিয়ে পড়েন।



ফজরের সময় নিকটবর্তী হলে বিলাল তার সওয়ারীর শিবিকার সাথে হেলান দিয়ে পূর্ব আকাশের দিকে মুখ করে বসলেন। শিবিকার সাথে হেলান দেয়া অবস্থায় তিনি গভীর ঘুমে আচ্ছন্ন হয়ে পড়েন। বিলাল (রাঃ) ও নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীদের কেউই ঘুম থেকে জাগতে পারেননি, যাবত না তাদের উপর সূর্যের আলো ছড়িয়ে পড়লো। তাদের মধ্যে সর্বপ্রথম রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম ঘুম থেকে জেগে উঠেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম ভীত-সন্তুম্ভ হয়ে বলেনঃ হে বিলাল! বিলাল(রাঃ) বলেন, হে আল্লাহ্র রাসূল! আমার পিতা-মাতা আপনার জন্য উৎসর্গিত হোক। যেই সন্তা আপনার জান নিয়েছেন, তিনি আমার জানও নিয়েছেন।

তিনি বলেনঃ তোমরা সামনে অগ্রসর হও। অতএব তারা তাদের সওয়ারী নিয়ে অগ্রসর হন। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উয় (ওজু/অজু/অযু) করেন এবং বিলাল (রাঃ) কে ইকামত দেয়ার নির্দেশ দেন। তিনি তাদের নিয়ে ফজরের সালাত পড়েন। সালাত সমাপনান্তে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যাক্তি সালাতের কথা ভুলে যায়, সে যেন তা স্মরণ হওয়ার সাথে সাথে পড়ে নেয়। কেননা মহান আল্লাহ্ বলেন: আমার স্মরণে তুমি সালাত কায়িম করো (সুরাহ তহাঃ ১৪)।

রাবী বলেন, ইবনু শিহাব (রহঃ) তিলাওয়াত করতেনঃ (রা অক্ষরের উপর মাদ্দ সহকারে)।

English

It was narrated from Abu Hurairah that:

When the Messenger of Allah was coming back from the battle of Khaibar, night came and he felt sleepy, so he made camp and said to Bilal: "Keep watch for us tonight." Bilal prayed as much as Allah decreed for him, and the Messenger of Allah and his Companions went to sleep. When dawn was approaching, Bilal went to his mount, facing towards the east, watching for the dawn. Then Bilal's eyes grew heavy while he was leaning on his mount (and he slept). Neither Bilal nor any of his Companions woke until they felt the heat of the sun. The Messenger of Allah was the first one to wake up. The Messenger of Allah was startled and said: "O Bilal!" Bilal said: "The same thing happened to me as happened to you. May my father and mother be ransomed for you, O Messenger of Allah!" He said: "Bring your mounts forward a little." So they brought their mounts forward a little (away from that place). Then the Messenger of Allah performed ablution and told Bilal to call the Iqamah for prayer, and he led them in the prayer. When the Prophet finished praying, he said: "Whoever forgets a Salah, let him pray it when he remembers, for Allah says: And perform the prayer for My remembrance." [Ta-Ha: 14] He (one of the narrators) said: "Ibn Shihab used to recite this Verse as meaning, 'when you remember'."

ফুটনোট



তাখরীজ কুতুবুত সিত্তাহ: মুসলিম ৬৮০/১-২, তিরমিযী ৩১৬৩, নাসায়ী ৬১৮-২০, ৬২৩; আবূ দাউদ ৪৩৫, মুওয়াত্ত্বা মালিক ২৫।

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: ইরওয়াহ ২৯২, সহীহ আবূ দাউদ ৪৬১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন